

সহায়তাদান সেবাসমূহ

এমন বেশ কয়েকটা বিনা খরচের সেবা আছে যেগুলি আপনাকে সহায়তা, পরামর্শ এবং ব্যবহারিক সাহায্য দিয়ে আপনার নিজের বাড়িতে বসবাস করায় আপনাকে সক্ষম করতে পারে। এ ছাড়াও এইসব সেবা আর্থিক পরামর্শ পাওয়ায়, বিভিন্ন বেনিফিট বা ভাতার দাবি জানানোয়, নতুন বন্ধু পাওয়ায়, অবসর সময়ের জন্য নানা ধরনের সক্রিয়তার সন্ধান পাওয়ায়, স্থানীয় লোকজনের সঙ্গে যোগাযোগ স্থাপন করায়, একজন পারিবারিক ডাক্তারের সন্ধান পাওয়ায়, গৃহায়ন ও অভিবাসন-সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আপনার প্রশ্নের উত্তর পাওয়ায়, প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সুযোগের সন্ধান পাওয়ায়, আপনার সন্তানদের লেখাপড়া ও শিশুপরিচর্যা এবং অন্যান্য স্থানীয় সেবা সম্পর্কে জানায় আপনাকে সাহায্য করতে পারে।

এইসব সেবা যদিও ব্যক্তিবিশেষের জন্য এবং তাদের জন্যই তথ্য ও পরামর্শ সরবরাহ করবে, এগুলির লক্ষ্য হলো লোকজনের আত্মবিশ্বাস বাড়ানো এবং শেষ পর্যন্ত বিভিন্ন ব্যক্তিকে অন্যদের সহায়তা ছাড়াই নিজেদের দৈনন্দিন জীবনযাপনে সক্ষম করে তোলা। প্রত্যেক সেবা থেকে লোকজনের বাড়িতে গিয়ে তাদের সঙ্গে সাক্ষাৎ করা হয় এবং সেই সাথে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার অপেক্ষায় রয়েছে এমন বয়োবৃদ্ধ লোকজনকে উপযুক্ত ব্যবহারিক সহায়তা দেওয়া হয় যাতে তাদের হাসপাতাল থেকে বাড়িতে আসার প্রক্রিয়া সহজ হতে পারে।

আপনার যদি দোভাষীর সহায়তা কিংবা অন্য কোন ভাষায় তথ্য দরকার হয় আমরা খুসী হয়েই তার ব্যবস্থা করবো।

‘সাপোর্টিং পীপল্’ (Supporting People) নামে সংস্থাটির কাছ থেকে অর্থসংস্থানপ্রাপ্ত এইসব সেবা পরিচালিত হয় স্বেচ্ছামূলক ক্ষেত্রের বিভিন্ন সংগঠনের দ্বারা।

সহায়তাদান সেবাগুলি কিভাবে ব্যবহার করা যাবে

আপনি টেলিফোন করে’ কিংবা চিঠি লিখে সরাসরি এদের সঙ্গে যোগাযোগ করতে পারেন, অথবা সামাজিক যত্ন বা স্বাস্থ্যবিষয়ক একজন পেশাজীবী আপনার হয়ে সুপারিশ করে’ দিতে পারেন। এটা করার জন্য তাঁরা আপনার নাম, ঠিকানা, জন্মতারিখ, আপনার অনুরোধের কারণ এবং দোভাষীর সহায়তার দরকার আছে কি না জানতে চাইবেন।

এইসব সেবা কোথায় পাওয়া যাবে

৬০ বছর ও তার বেশী বয়সী পুরুষ ও নারীদের জন্য

60+ in Haringey
Block 27F, Units 3/4/5/6
N17 Studios
784-788 High Street
Tottenham N17 0DA

টেলিফোন : 0800 652 610

আমরা খোলা থাকি প্রতিদিন সকাল ৯.০০ - সন্ধ্যা ৯.০০।

১৬-৬৫ বছর বয়সী প্রাপ্তবয়স্কদের, একক লোকজনের এবং দম্পতিদের জন্য :

Key Support
7 Willoughby Road
London N8 0HR

টেলিফোন : 020 8347 2327
ফ্যাক্স : 020 8348 0418
ই-মেইল : keysupport@communityhousing.org.uk

এই সেবায় প্রতিবন্ধী লোকজনের যাতায়াতের সুবিধা আছে এবং আমাদের খোলা থাকার সময় হলো সোমবার থেকে শুক্রবার সকাল ৯.০০ - বিকাল ৫.০০।

সন্তান আছে এমন পরিবারদের জন্য :
HARTS (হারিংগে টেন্যান্সী সাপোর্ট) for Families
1-7 Corsica Street
London N5 1JG

টেলিফোন : 0845 303 2350
ফ্যাক্স : 020 8826 1701
ই-মেইল : harts@circle33.org

এই সেবায় প্রতিবন্ধী লোকজনের যাতায়াতের সুবিধা আছে এবং আমাদের খোলা থাকার সময় হলো সোমবার থেকে শুক্রবার সকাল ৯.০০ - বিকাল ৫.০০।